গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.০০০.১০৩.০১.০০০৯.২৬-৬১৯

তারিখ: ০৮/১১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়: মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত 'অফিস সহায়ক' ও 'অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' পদে নিয়োগের লক্ষ্যে বাছাই (MCQ) পরীক্ষা গ্রহনের তারিখ ও সময়সূচি প্রকাশ সংক্রান্ত।

সূত্র: মৎস্য অধিদপ্তরের নিয়োগ বিজ্ঞপ্তি স্মারক নং: ৩৩.০২.০০০০.১০৩.০১.০০৯.২৬.৯১, তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তরের রাজস্বখাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেনীর কর্মচারী নিয়োগর লক্ষ্য প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী 'অফিস সহায়ক' (২০তম গ্রেড) এবং 'অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক' (১৬তম গ্রেড) পদের প্রার্থীদের বাছাই (MCQ) পরীক্ষা ঢাকা মহানগরীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

ক্র. নং	পদের নাম	গ্রেড	পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার সময়	প্রবেশপত্র ডাউনলোড শুরুর তারিখ
০১	অফিস সহায়ক	২০তম	২০ নভেম্বর ২০২৬ খ্রি. (শুক্রবার)	সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত	১২ নভেম্বর ২০২৬ খ্রি.
০২	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৬তম	২৭ নভেম্বর ২০২৬ খ্রি. (শুক্রবার)	সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত	২২ নভেম্বর ২০২৬ খ্রি.

২. উল্লিখিত পদসমূহের আবেদনকারী যোগ্য প্রার্থীদের অনুকূলে যথাসময়ে মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে প্রবেশপত্র সংক্রান্ত নির্দেশনা প্রেরণ করা হবে। প্রার্থীরা টেলিটকের নির্ধারিত ওয়েবসাইট (http://dof.teletalk.com.bd) হতে নিজ নিজ User ID ও Password ব্যবহার করে নির্ধারিত তারিখ থেকে প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করতে পারবেন। পরীক্ষার্থীদের প্রবেশপত্রে উল্লিখিত রোল নম্বর, পরীক্ষা কেন্দ্র ও পরীক্ষা সংক্রান্ত সাধারণ নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

৩. পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য ও কেন্দ্রভিত্তিক আসন বিন্যাস মৎস্য অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইট (www.fisheries.gov.bd) এবং টেলিটকের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

৪. যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই বিজ্ঞপ্তি জারী করা হলো।

০৮/১১/২০২৬

(ফিরোজ আহাম্মেদ)
উপপরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি
মৎস্য অধিদপ্তর, ঢাকা